গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
সাধারণ শাখা

# ফেব্রুয়ারি, ২০২৪ মাসের এনজিও সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. বদিউল আলম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ |
| সভার সময় | বিকাল ৩.০০ টা |
| স্থান | জেলা প্রশাসক, নরসিংদী এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি এনজিও বিষয়ক সমন্বয় সভার শুরুতে উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল বীর মুক্তিযোদ্ধা, ১৫ আগস্ট জাতির পিতার পরিবারের নিহত সকল শহিদ এবং জাতীয় চার নেতার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। জেলা প্রশাসক এ জেলার সার্বিক উন্নয়নে সকল এনজিও কর্মীদের সহযোগিতা কামনা করেন।

সভাপতি নরসিংদী জেলার এনজিও কর্মীগণকে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদীকে আহ্বান জানান।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী সভাপতির নির্দেশনাক্রমে সভার কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি উপস্থিত সকলকে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

**জনাব আবু বাছেদ, নির্বাহী পরিচালক, পাঁপড়ী, নরসিংদী বলেন,** সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন পতিত জমি যাতে না থাকে, সেজন্য তার এনজিও গ্রাহকদেরকে বাড়ীর আঙ্গিনা, ঘরের চারপাশে অব্যবহৃত জায়গায় সবজি চাষে উদ্বুদ্ধ করা। পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে উদ্বুদ্ধকরণ। টব বা টব জাতীয় অন্য কোন উপকরণ ব্যবহার করে মরিচ, আদা বা অন্যান্য মসলা জাতীয় চারা রোপন করা। তাছাড়াও তিনি আরো বলেন বাল্যবিবাহ নিয়ে নরসিংদী জেলায় কাজ করেন ব্র্যাক, পিডিএস, ঢাকা আহছানিয়া মিশনসহ আরো বেশ কিছু এনজিও।

**জনাব শাহজাহান মিয়া, নির্বাহী পরিচালক, ভিলেজ ডেভেলপমেন্ট সোসাইটি, নরসিংদী বলেন,** সরকার বিভিন্ন ব্যাংকের মাধ্যমে যদি ব্যাংক ঋণ না দিয়ে এনজিওদের মাধ্যমে ঋণ দিত তাহলে গ্রাহকরা বেশি উপকৃত হতো। মৎস্য, কৃষি, প্রাণীসম্পদ এর ক্ষেত্রে বেশি করে ঋণ দিলে গ্রাহকরা উপকৃত হবে মর্মে জানান।

**উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নরসিংদী বলেন,** সেবা দেয়ার ক্ষেত্রে একই সেবা যাতে একাদিক এনজিও না দেয় তা লক্ষ রাখতে হবে। ঋণের টাকা একজন থেকে অন্য জনকে দেয়া হচ্ছে। ঋণের ক্ষেত্রে ঋণ কার্ড করার জন্য সরকার পাইলট প্রকল্প নেয়া হয়েছে এবং এনজিওদের যে কোন ক্ষেত্রে সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

**জনাব মো: জামাল হোসেন, অতিরিক্ত উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, নরসিংদী বলেন,** অনাবাদী সকল জমি চাষাবাদের আওতায় আনতে হবে। কৃষি ক্ষেত্রে যদি কোন এনজিওদের সহযোগিতা প্রয়োজন হয়, তার দপ্তর সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে। এনজিওরা যদি কৃষি ক্ষেত্রে কোন সভা/ সেমিনার আয়োজন করে তার দপ্তরের প্রতিনিধি উপস্থিত থাকবে

মর্মে অবহিত করেন। অল্প যায়গায় বস্তা পদ্ধতিতে আদা এবং হলুদ চাষাবাদ করা যায় বলে অবহিত করেন।

**ড. বদিউল আলম, জেলা প্রশাসক, নরসিংদী ও সভাপতি, এনজিও বিষয়ক সমন্বয় সভা তাঁর বক্তব্যে** ফেব্রুয়ারি/২০২৪ মাসের এনজিও সমন্বয় সভায় আরডিআরএস বাংলাদেশ, নরসিংদী কর্তৃক তাদের বাস্তবায়িত কার্যক্রম বিষয়ে উপস্থাপনার জন্য ধন্যবাদ জানান।

পরবর্তীতে তিনি বলেন, সকল এনজিও প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের অনাবাদী জমি চাষের আওতায় আনার জন্য আহ্বান জানান। একাধিক এনজিও যাতে একই এলাকায় একই বিষয় নিয়ে কাজ না করার পরামর্শ প্রদানসহ প্রতিটি এনজিও ত্রৈমাসিক রিপোর্ট প্রদানের আহবান জানান। শিক্ষা এবং বাল্যবিবাহ নিয়ে যারা কাজ করেন, সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য অনুরোধ করেন। যারা প্রান্তিক পর্যায়ে কাজ করেন, ২০৪১ সালের মধ্যে শিশুমৃত্যুর হার কমানোর জন্য আরো সচেতনতা বৃদ্ধি করার জন্য আহ্বান জানান। মাইক্রোক্রেডিট নিয়ে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কাজ করতে হবে। যে সকল এনজিও মাইগ্রেশন নিয়ে কাজ করে তাদেরকে আরো তৎপরভাবে জনসচেতনতামূলক কাজ করার আহ্বান জানান।

সভাপতি মাইক্রোক্রেডিট কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহ কর্তৃক ঋণ প্রদানের পূর্বে গ্রাহক মাদকাসক্ত কি না সে সম্পর্কে নিশ্চিত হওয়ার নির্দেশনা প্রদান করেন এবং বিভিন্ন সমাবেশ ও উঠান বৈঠকে মাদকসহ সামাজিক ব্যাধি প্রতিরোধে প্রচারণার নির্দেশনা প্রদান করেন। বেদে, তৃতীয় লিঙ্গ, ভাসমান মানুষদের কে নিয়ে এনজিওদের কাজ করার এবং যে কোন একটি ইউনিয়নকে পাইলট ইউনিয়ন হিসেবে নির্বাচন করে কাজ করার আহ্বান জানান।

সভাপতি বলেন, সন্তান জন্মের/ কোন মানুষের মৃত্যুর ৪৫ দিন এর মধ্যে বিনা ফিতে জন্ম/ মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য জনগণকে সচেতন করার আহ্বান জানান। এছাড়াও এ বিষয়ে জনগণকে সহযোগিতা প্রদানের নির্দেশনা প্রদান করেন। ২১শে ফেব্রুয়ারি ২০২৪ থেকে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ বই মেলায় নরসিংদী জেলার সকল এনজিওদের অংশগ্রহণ করার জন্য আহবান জানান এবং সকল ক্ষেত্রে এনজিওদের ভূমিকা গুরুত্বপূর্ণ। এই জেলার যে কোন প্রান্তে ভেজাল ঔষদ তৈরি কারখানা থাকলে, কোথায় অবস্থিত তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য জানান। বাড়ীর আঙ্গিনাসহ, অফিস, পরিবার পরিজনের সকল ক্ষেত্রে পরিস্কার পরিচ্ছন্নতা রাখতে হবে। ময়লা আবর্জনা রাস্তাঘাটে, এখানে সেখানে ফেলার ব্যাপারে লক্ষ রাখতে হবে এবং নিদিষ্ট যায়গায় ফেলতে হবে। ছেলে মেয়েদরকে সাতারসহ সাইকেল চালানো শিখাতে হবে এবং নিজেদের কাজ নিজেরা যাতে করে তা লক্ষ রাখতে হবে। ছেলে মেয়েদরকে নিদিষ্ট সময়ে মোবাইল হাতে দিতে হবে। শিশুদেরকে কোনভাবেই মোবাইল হাতে দিয়ে খাবার না খাওয়ানোর ব্যাপারে লক্ষ রাখতে হবে। পানের থুতু এবং পলিথিন ব্যাগ এখানে সেখানে না ফেলার জন্য পরামর্শ প্রদান করেন।

সভাপতি এনজিওসমূহকে এলাকা ভিত্তিক জনগণের চাহিদা নিরূপণ সাপেক্ষে কার্যক্রম পরিচালনার আহ্বান জানান এবং একই এলাকায় একই বিষয়ে একাধিক এনজিও এর কার্যক্রম পরিচালনা থেকে বিরত থাকার নির্দেশনা প্রদান করেন।


**বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সকল এনজিও প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের অনাবাদী জমি চাষের আওতায় আনার জন্য উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও, নরসিংদী |
| ০২ | এনজিও কর্তৃক মিথ্যা গুজব ছড়িয়ে কেউ যেন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে সে বিষয়ে সজাগ থাকার প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |

| | | |
|---|---|---|
| ০৩ | মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি এর নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ অব্যাহত রাখা এবং ঋণের কিস্তি আদায়ে চাপ প্রয়োগ থেকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ০৪ | স্থানীয় চাহিদা নিরূপণ সাপেক্ষে কার্যক্রম পরিচালনা এবং বাস্তবায়িত কার্যক্রমের দ্বৈততা পরিহারের জন্য জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধনের সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ০৫ | মাইক্রোক্রেডিট কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহ কর্তৃক ঋণ প্রদানের পূর্বে গ্রাহক মাদকাসক্ত কি না সে সম্পর্কে নিশ্চিত হওয়া এবং বিভিন্ন সমাবেশ ও উঠান বৈঠকে মাদকবিরোধী প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসারগণ এনজিও বিষয়ক ব্যুরোর নির্দেশনা অনুযায়ী মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণীর কপি প্রেরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়; | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নরসিংদী |
| ০৭ | নরসিংদী জেলায় কর্মরত সকল এনজিও কর্তৃক সন্ত্রাস,জঙ্গীবাদ,বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক ব্যাধি বিরোধী প্রচারণা চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও, নরসিংদী |
| ০৮ | এনজিওসমূহের স্যানিটেশন, পরিবার পরিকল্পনা, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদকদ্রব্য নিরাময় এবং জনসচেতনতামূলক কাজে পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ০৯ | নরসিংদী জেলার চরাঞ্চলে শিক্ষার হার বৃদ্ধির নিমিত্ত এনজিওদের অগ্রাধিকার ভিত্তিতে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ১০ | অবৈধভাবে বিদেশে মানব পাচার প্রতিরোধে এনজিওদেরকে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদার করার ও বিলবোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ১১ | যে সকল এনজিও শিক্ষা নিয়ে কাজ করে তাদের বাস্তবায়িত কার্যক্রমের প্রতিবেদন জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ১২ | জনসংখ্যা প্রতিরোধে জন্মনিয়ন্ত্রণের উপকারিতা সম্পর্কে জনসচেতনতামূলক সভা আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |

| | | |
|---|---|---|
| ১৩ | আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে এনজিওসমূহ তাদের অডিট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে পরবর্তী সভায় প্রতিবেদনের কপি জমা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ১৪ | জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য প্রচারণা ও সচেতনতা কার্যক্রমের পাশাপাশি সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও |
| ১৫ | প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে শিক্ষা ও অন্যান্য খাত থেকে বাজেট রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী |
| ১৬ | নরসিংদী জেলায় কর্মরত এনজিও সমূহকে নতুন প্রকল্পের উদ্বোধন, সমাপনী, প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |
| ১৭ | মার্চ/২০২৪ মাসের এনজিও সমন্বয় সভায় পাঁপড়ি, নরসিংদী কে তাদের বাস্তবায়িত কার্যক্রম বিষয়ে উপস্থাপনা করার সিদ্ধান্ত গৃহীত হয়; | পাঁপড়ি, নরসিংদী |
| ১৮ | নিয়মিতভাবে মাসিক প্রতিবেদন প্রতি মাসে ১০ তারিখের মধ্যে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়; | সকল এনজিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সকল কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. বদিউল আলম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.১০৫.০৩.০০১.১৯.৭৮

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৪) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

৫) অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

৬) পুলিশ সুপার, নরসিংদী

৭) সিভিল সার্জন, নরসিংদী

৮) উপজেলা চেয়ারম্যান-নরসিংদী সদর/শিবপুর/পলাশ/মনোহরদী/বেলাব/রায়পুরা/, নরসিংদী

৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নরসিংদী সদর/ শিবপুর/ পলাশ/ মনোহরদী/বেলাব/ রায়পুরা

১০) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নরসিংদী

১১) উপ-পরিচালক/সহকারী পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/জেলা সমাজসেবা /জেলা যুব উন্নয়ন /পরিবার পরিকল্পনা বিভাগ/ মাদকদ্রব্য অধিদপ্তর/ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নরসিংদী

১২) নেজারত ডেপুটি কালেক্টর, নরসিংদী

১৩) সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

১৪) জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নরসিংদী

১৫) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নরসিংদী সদর, নরসিংদী

১৬) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী


১৭) সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নরসিংদী

১৮) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, নরসিংদী

১৯) অধ্যক্ষ, টিটিসি শাষপুর, শিবপুর, নরসিংদী

২০) জনাব ..........................................................................................................................................
........ ........................................................................................................................................, নরসিংদী

২১) অফিস কপি



ড. বদিউল আলম

জেলা প্রশাসক